গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

**বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।**

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১৪ আগস্ট'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুলাই'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুলাই'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর হাসপাতালে জরুরী ভিত্তিতে Anti Sanke Venom ও Anti Rabies Vaccine প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব/উন্নয়ন খাত হতে ৩০০ (তিনশত) ভায়াল Anti Sanke Venom যার আনুমানিক মূল্য (৩০০×২০০০) =৬,০০,০০০/- টাকা এবং ২০০ (দুইশত) ভায়াল Anti Rabies Vaccine যার আনুমানিক মূল্য (২০০ ×৫০০) =১,০০,০০০/- টাকা। উক্ত Vaccine সরবরাহের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Anti Sanke Venom এবং Anti Rabies Vaccine সরবরাহ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভেলামারীতে মোঃ নজরুল ইসলামের বাড়িতে স্যাটেলাইট ক্লিনিক হচ্ছে। সেখাখে একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন । উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের সামনে টিউবওয়েল স্থাপন করা প্রয়োজন। অফিসে বসার জন্য চেয়ার সরবরাহের জন্য অনুরোধ জানান। | কমিউনিটি ক্লিনিকে মানসম্মত চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বন্যার আগমন হলে করনীয় বিষয় সম্পর্কে কৃষককে সে বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে। রোপা আমন মেসীসুমে আমন রোপন চলমান। রোপা আমন লক্ষ্যমাত্রা ২৫৪০ হেঃ, এ পর্যন্ত ১৯০ হেঃ রোপন করা হয়েছে। রোপন কার্যক্রম চলমান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনাবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ১৮ হতে ২৪ আগস্ট সপ্তাহব্যাপী সারাদেশে মৎস্য সম্পদ সংরক্ষণ, পুষ্টি চাহিদা পূরন, কর্মসংস্থানে মৎস্য সম্পদের ভূমিকা ও সাধারণ জনসাধারণের মধ্যে সচেতনতা তৈরী করা মৎস্য সপ্তাহ উদযাপনের প্রধান লক্ষ্য। ৩১ আগস্টের মধ্যে মাছের পোনা অবমুক্তকরণ কর্মসুচি গ্রহণ করা হবে। এছাড়া মৎস্যচাষীদের মাছ চাষ সম্পর্কে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। | জনসাধারণের মধ্যে সচেতনতা তৈরী ও মৎস্য উৎপাদন বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা প্রাণি সম্পদ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান দুর্যোগের আগাম প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ০৩টি ব্রীজের কাজ ও ০২টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান। ০৩টি এইচবিবি রাস্তা করণের প্রস্তাব প্রকল্প অফিসে পাঠানো হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিক্ষুক পুনর্বাসনের জন্য ২২ জনের আবেদন পাওয়া গেছে। আবেদন যাচাই-বাছাইঅন্তে বাস্তবায়ন কমিটির সভা করে প্রকৃত ভিক্ষুকদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা সমাজসেবা অফিস মেরামত ও সংস্কার করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা'২০২৫ প্রোগ্রাম ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। ভিডিও কলে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের উপস্থিতি হোয়াটস এ্যাপ গ্রুপে খবর নেয়া হচ্ছে। শিক্ষকদের ডেপুটেশন সম্পন্ন হয়েছে। প্রমাপ অনুযায়ী সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন চলমান। | শিক্ষকদের নিয়মিত উপস্থিতি ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের রাজিবপুর ইউনিয়নের চুড়ান্ত তালিকা ও অপেক্ষমান তালিকা স্বাক্ষর না হওয়ায় উপকারভোগীদের মাঝে ভিডব্লিউবি কার্ড ও খাদ্যশস্য বিতরণে বিলম্ব হচ্ছে। | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) তালিকা অনুমোদন ও খাদ্যশস্য বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রশিক্ষণ বাজেট এখনও পাওয়া যায় নাই। আগস্ট/২৫ মাসে ১ জন আত্মকর্মীকে ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণের চেক দেওয়া হয়েছে। এছাড়া বায়োগ্যাস প্লান্ট তৈরীর জন্য ঋণ দেওয়া হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-০১) ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-০২) প্রকল্প বাস্তবায়নের জন্য সভার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রকল্প ০২(দুই) টি ব্যতিত ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাত হতে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটির মাধ্যমে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>প্রকল্প ঃ<br>০১। উপজেলা পরিষদের আবাসিক ০২ ও ০৩ নং কোয়ার্টার মেরামত ও সংস্কারকরণ-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br>০২। উপজেলা পরিষদের আবাসিক ০৪ ও ০৫ নং কোয়ার্টার মেরামত ও সংস্কারকরণ-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br>০৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে গার্ডরুম মেরামত ও সংস্কারকরণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>০৪। উপজেলা পরিষদের গাড়ি রাখার গ্যারেজ মেরামত ও সংস্কারকরণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটি ও টেন্ডার এর মাধ্যমে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>টেন্ডার প্রকল্প ঃ<br>০১। জাউনিয়ার চর মোস্তান মোড়ে ড্রেন মেরামত ও সংস্কার এবং মোস্তান মোড় হতে দক্ষিণ দিকে আব্দুর রহিমের দোকান পর্যন্ত আরসিসি রাস্তা মেরামত ও সংস্কার করণ-৬,০০,০০০/- (ছয়লক্ষ) টাকা। | ০১। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাতের বর্ণিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে বর্ণিত প্রকল্পসূহ প্রাক্কলন প্রস্তুতপূর্বক টেন্ডার ও কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। ২০২৫-২৬ অর্থবছরে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে বর্ণিত প্রকল্পসূহ প্রাক্কলন প্রস্তুতপূর্বক টেন্ডার ও কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পিআইসি কমিটির প্রকল্প ঃ<br>০২। চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Antivenom & Rabitas Vaccine সরবরাহ Part-1 – ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা।<br>০৩। চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Antivenom & Rabitas Vaccine সরবরাহ Part- 2– ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা।<br>০৪। শিবেরডাঙ্গী ইউসুফ চাতালের বাড়ীর রাস্তা এইচবিবি করণ-২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান ২০২৫-২৬ অর্থবছরে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে চর রাজিবপুর উপজেলাধীন হাট-বাজারসমূহে নিম্ন বর্ণিত প্রকল্পসমূহ বাস্তববায়ন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটি ও টেন্ডার এর মাধ্যমে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>টেন্ডার প্রকল্প ঃ<br>০১। নয়াচর হাট-বাজারের মাটি ভরাটকরণ-১৭,০০,০০০/- (সতের লক্ষ) টাকা।<br>০২। কোদালকাটি হাট-বাজরের অফিস ঘর মেরামত ও ড্রেন নির্মাণ-৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা।<br>০৩। বালিয়ামারী হাট-বাজরের সেড ঘর মেরামত ও সংস্কার-৪,০০,০০০/- (চারলক্ষ) টাকা।<br>০৪। রাজিবপুর হাট-বাজারের অভ্যন্তরীণ বিভিন্ন সড়ক আর সিসি করণ-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা।<br>পিআইসি কমিটির প্রকল্প ঃ<br>০৫। কোদালকাটি হাট-বাজরের সেড ঘর মেরামত ও সংস্কার-৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা।<br>উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় আরও জানান যে, চর রাজিবপুর উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে পরিষদের সম্পত্তি ইতোপূর্বে পজিশন আকারে ভাড়ায় লীজ প্রদান করা হয়েছে। যেখানে পজিশন আকারে সুপার মার্কেট-২ নামে সেমি পাকা মার্কেট নির্মিত হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে সুপার মার্কেট-২ এর স্থানে অবশিষ্ট ফাঁকা জায়গা পজিশন আকারে ভাড়ায় লীজ প্রদান করা যেতে পারে। সভার সিদ্ধান্ত মোতাবেক এতদসংক্রান্ত প্রস্তাব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ০৯ সেপ্টেম্বর ২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদের সম্পত্তি ভাড়ায় লীজ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুমোদনের প্রয়োজন হেতু উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর প্রেরণ করা প্রয়োজন। এমতাবস্থায়, উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের সম্পত্তি ভাড়ায় লীজ প্রদানের লক্ষ্যে অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে | ০৪। উপজেলা পরিষদের সম্পত্তি ভাড়ায় লীজ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুমোদন প্রয়োজন হেতু উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে (০১) উপজেলা পরিষদের প্রধান ফটক/মেইন গেইট নির্মাণ (০২) উপজেলা পরিষদের স্পীডবোট ক্রয় প্রকল্প ০২টি বাস্তবায়ন করার লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য প্রাক্কলনসহ সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা বরাবর পত্র প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১০/০৮/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮. ২৯৬.২৩.৫০ নং স্মারক পত্রের আলোকে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য বরাদ্দ চাহিয়া সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নিম্নবর্ণিত প্রকল্প ০২টি বাস্তবায়ন করা যেতে পারে।<br>০১। উপজেলা পরিষদের প্রধান ফটক/মেইন গেইট নির্মাণ-২৭,০০,০০০/- (সাতাশলক্ষ) টাকা।<br>০২। উপজেলা পরিষদের স্পীডবোট ক্রয়-১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা।<br>বর্ণিত প্রকল্প দুটির প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত প্রস্তাব সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১০/০৮/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৯৬.২৩.৫০ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসাবাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য পত্র পাওয়া গেছে। অত্র উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থের পরিমাণ কম কিন্তু নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন।<br>০১। উপজেলা পরিষদ চত্বরের সীমানা প্রাচীর নির্মাণ-২০,০০,০০০/- টাকা।<br>০২। উপজেলা পরিষদ চত্বরের অভ্যন্তরীণ রাস্তা সংস্কার করণ-২০,০০,০০০/- টাকা।<br>০৩। উপজেলা পরিষদ চত্বরের পুকুরের ০৩ দিকে ঘাটলা, Walkway ও বসার বেঞ্চ স্থাপন-২০,০০,০০০/- টাকা।<br>০৪। উপজেলা পরিষদ কমপ্লেক্সের পুরাতন ভবন মেরামত ও রং করণ-২০,০০,০০০/- (বিশলক্ষ) টাকা।<br>০৫। উপজেলা পরিষদের বাসাবাড়ী/কোয়ার্টার মেরামত ও রংকণ-১০,০০,০০০/- (দশলক্ষ) টাকা।<br>০৬। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে দোতলায় দক্ষিণ রুমের সাথে সংযুক্ত ওয়াশরুম নির্মাণ-১০,০০,০০০/- (দশলক্ষ) টাকা।<br>০৭। চর রাজিবপুর উপজেলায় মুক্তমঞ্চ নির্মাণ-২০,০০,০০০/- (বিশলক্ষ) টাকা।<br>০৮। উপজেলা পরিষদের জীপগাড়ি গ্যারেজ নির্মাণ-১০,০০,০০০/- (দশলক্ষ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মানব সম্পদ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় উপজেলায় ২টি ল্যাট্রিন নির্মাণে কাজ চলমান রয়েছে। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় টাঙ্গালিয়া পাড়া পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের কাজ চলমান রয়েছে। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |

চলমান পাতা-৬

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান এইচএসসি, এইচএসসি(বিএমটি) ও আলিম পরীক্ষা'২০২৫ শেষ পর্যায়ে। রাজিবপুর সবুজবাগ দাখিল মাদ্রসাার বই এর গোডাউনে শর্ট সার্কিটের কারণে অগ্নিকান্ড হতে অল্পে রক্ষা। সিসি ক্যামেরার সংযোগ বিচ্ছিন্ন হয়েছে। রাজিবপুর সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে রক্ষিত পুরাতন বইগুলো নিলাম করা যেতে পারে। রাজিবপুর সবুজবাগ দাখিল মাদ্রাসায় রক্ষিত পুরাতন বা বাতিল কারিকুলামের পুস্তকসমূহ নিলাম করা যেতে পারে। সম্প্রতি পিবিজিএসআই কর্তৃক সরকারি উদ্যোগে এ এসএসসি ২২-২৩ এবং এইচএসসি ২২-২৩ শিক্ষাবর্ষের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি, ক্রেস্ট ও সনদ বিতরণ সম্পন্ন হয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান নিয়মিতকরণ ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে আগস্ট'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৫। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা। | ২০২৫-২৬ অর্থ বছরে আগস্ট'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মামলা | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৭। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৯। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের বর্জ্য ব্যবস্থাপনা ব্যয় বিল =৮,৪০০/- (আট হাজার চারশত) টাকা।<br>১০। আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের স্বার্থে সংশ্লিষ্ট হাইকোর্টের রিট এবং বিজ্ঞ সহকারী জজ আদালত, কুড়িগ্রাম-এর মামলা পরিচালনা ও ডকুমেন্ট প্রস্তুত বাবদ ব্যয় বিল = ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>১১। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত ব্যয় =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১২। ২০২৫-২৬ অর্থ বছরে জরুরী প্রয়োজনে আর্থিক সহায়তা বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>১৩। ২০২৫-২৬ অর্থ বছরে জরুরী প্রয়োজনে ভাঙ্গা রাস্তা মেরামত বাবদ ব্যয় =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১৪। ২০২৫-২৬ অর্থ বছরে জরুরী প্রয়োজনে ভাঙ্গা রাস্তা মেরামত বাবদ ব্যয় =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১২। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের আগস্ট'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চর রাজিবপুর বটতলা হতে পূর্বদিকে ব্যাপারী পাড়া মোড় পর্যন্ত রাস্তা জরুরীভাবে মেরামত করা প্রয়োজন। বালিয়ামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বিদ্যালয়ের ক্লাসরুম সম্প্রসারণ করা প্রয়োজন। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের খেলাধুলার জন্য বিদ্যালয় মাঠে মাটি ভরাট করা প্রয়োজন। রাজিবপুর শ্যালো ঘাটে যাতায়াতের রাস্তাটির মেরামত করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডে ধুবালিয়া পাড়া ইদ্রিসের বাড়ী হতে আজিজ পুলিশের বাড়ী পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়ন পরিষদ পুরাতন ভবনটি নিলামে বিক্রি করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়নের বাউন্ডারী ওয়াল নির্মাণ নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়নের ৩নং ওয়ার্ডে নদী ভাঙ্গনের কারণে অসহায় পরিবারের মাঝে ২ মে.টন চাউল বিতরণ করা প্রয়োজন। ৬নং ওয়ার্ডে পাখিউড়া বাজার এর সরকারী জায়গায় মাটি ভরাট এবং হাট সেড নির্মাণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৮

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পাঞ্জর পাড়া এবং ভেলামারী চরে কমিউনিটি ক্লিনিক স্থাপন করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নের বড়বেড় পুলিশ টহলের জন্য অস্থায়ী পুলিশ ক্যাম্পে এডিপি প্রকল্পের মাধ্যমে একটি ইঞ্জিন চালিত নৌকা সরবরাহ করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন রাস্তার মোড়ে এবং জনসমাগম স্থানে সোলার স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন। অত্র ইউনিয়নের বিভিন্ন রাস্তার মরা গাছ কর্তন করা প্রয়োজন। জলাবদ্ধতা নিরসনে রাজিবপুর উপজেলার বিভিন্ন বিলের পানি নিষ্কাশন করা জরুরী প্রয়োজন। কুড়িগ্রাম জেলার মধ্যে দিয়ে প্রবাহিত ব্রহ্মপুত্র নদের বামতীর এবং জিঞ্জিরাম নদী বাম ও ডান তীর সংরক্ষণের মাধ্যমে ব্রহ্মপুত্র ও জিঞ্জিরাম নদীর বেসিন ব্যবস্থাপনা (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দাখিল করা প্রয়োজন।<br>মোহনগঞ্জ ইউনিয়নটি ঢুষমারা থানার অধীনস্ত। ইহা পরিবর্তন করে রাজিবপুর থানার অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আগামী ১৭/০৮/২০২৫ তারিখক থেকে খাদ্য বান্ধব এর ১৫ টাকা কেজি দরের চাল বিক্রয় শুরু হবে। এ বিষয়ে কমিটির মনিটরিংসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রতিমাসে ই-মনিটরিং এর মাধ্যমে পাঁচটি বিদ্যালয় পরিদর্শন করা হয়। বরাদ্দ না থাকায় কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (৮) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলা আনসার ও ভিডিপি ভবন নির্মাণ করার জন্য ১০ শতাংশ জমি নির্বাচন করা প্রয়োজন। ভিডিপি এডভান্স প্রশিক্ষণ এর জন্য ৮ম শ্রেণী পাস প্রশিক্ষণার্থী প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৯

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১০) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১২) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় রাজিবপুর উপজেলার বিদ্যুৎ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৫) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, গত সভার ১৮(১৫) এর ঘ নং অনুচ্ছেদের আলোচনা ও সিদ্ধান্ত অংশটুকু সংশোধন করা প্রয়োজন। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =২,৭০,১০০/-(দুইলক্ষ সত্তর হাজার একশত) টাকা ব্যয় করে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি (কম্পিউটার, প্রিন্টার, আইপিএস ও ব্যাটারী, বৈদ্যুতিক পাখা ইত্যাদি) ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক ভাউচারে/কোটেশন আহবানপূর্বক ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় করা যেতে পারে। উল্লেখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে বিধি মোতাবেক =২,৭০,১০০/-(দুইলক্ষ সত্তর হাজার একশত) টাকার মধ্যে ভাউচারের মাধ্যমে/প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশন আহবান করে বর্ণিত অফিস সরঞ্জামাদি ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৮/২৫

(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

চলমান পাতা-১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৬৫১

তারিখ ঃ ৩০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ........................................................................................... কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

২৪/০৮/২৫

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd